(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ
kazipur.sirajganj.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ০৫.৪৩.৮৮৫০.০০২.০৬.০৩১.২৪. ৫৪(৩০০)

তারিখ : ০৭ মাঘ ১৪৩০
২১ জানুয়ারি ২০২৪

## "হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি" নং- ০১/২০২৪

কাজিপুর উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নেবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসরের জন্য ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্তাবলীর ভিত্তিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ/পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ/ উপজেলা ভূমি অফিস, কাজিপুর/সোনালী ব্যাংক লিঃ, কাজিপুর শাখা/ কাজিপুর থানা, সিরাজগঞ্জ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) পাওয়া যাবে। দরপত্র দাখিলের তারিখ ও সময়সূচি অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ/ পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ/ সহকারী কমিশনার(ভূমি), কাজিপুর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। দরপত্রের অন্যান্য যাবতীয় শর্তাবলী সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারি দর | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | সোনামূখী ইউ'পি | সোনামূখী হাট | ১৮,৬৩,৮৩৫/ | ৪,৪০০/- |
| ০২ | | হরিনাথপুর | ৭৫,১৫৪/- | ৫০০/- |
| ০৩ | চালিতাডাঙ্গা ইউ'পি | ভানুডাংগা হাট | ৩,৬১,১৬৬/- | ১,৪০০/- |
| ০৪ | | মাথাইলচাপড় | ৪৯,২৭৯/- | ৫০০/- |
| ০৫ | | চালিতাডাঙ্গা | ৮,৯১২/- | ৫০০/- |
| ০৬ | গান্ধাইল ইউ'পি | গান্ধাইল বাজার | ৮৩,১৯২/- | ৫০০/- |
| ০৭ | | কাচিহারা | ৮,০৭৩/- | ৫০০/- |
| ০৮ | | কালিকাপুর | ৩৬,৪৫৭/- | ৫০০/- |
| ০৯ | মাইজবাড়ী ইউ'পি | ঢেকুরিয়া হাট | ১,০২,৯২৬/- | ১,০০০/- |
| ১০ | | কুনকুনিয়া | ৪৩২৮/- | ৫০০/- |
| ১১ | নাটুয়ারপাড়া ইউ'পি | নাটুয়ারপাড়া | ৩৮,৬৭,৪৬৩/- | ৮,৪০০/- |
| ১২ | তেকানী ইউ'পি | পানাগাড়ী | ১৭,৬৬৭/- | ৫০০/- |
| ১৩ | নিশ্চিন্তপুর ইউ'পি | জজিরা হাট | ৪,৬০৪/- | ৫০০/- |
| ১৪ | মনসুর নগর ইউ'পি | কুমারিয়াবাড়ী | ৫১,৫১৬/- | ৫০০/- |

### "দরপত্র দাখিলের তারিখ ও সময়সূচী"

| নং | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার শেষ তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ |
| ১ | ১ম বার | ১৪/০২/২০২৪ বিকাল: ৫:০০টা পর্যন্ত | ১৫/০২/২০২৪ বেলা-১.০০টা পর্যন্ত | ১৫/০২/২০২৪ দুপুর:০২.০০টা পর্যন্ত |
| ২ | ২য় বার | ২৫/০২/২০২৪ বিকাল; ৫:০০টা পর্যন্ত | ২৬/০২/২০২৪ বেলা-১.০০টা পর্যন্ত | ২৬/০২/২০২৪ বিকাল-২.০০টা পর্যন্ত |
| ৩ | ৩য় বার | ০৩/০৩/২০২৪ বিকাল; ৫:০০টা পর্যন্ত | ০৪/০৩/২০২৪ বেলা-১.০০টা পর্যন্ত | ০৪/০৩/২০২৪ বিকাল-২.০০টা পর্যন্ত |

প্রকাশ থাকে যে, যার দরপত্র গৃহীত হবে তাকে যথাসময়ে জানিয়ে দেয়া হবে। তাছাড়া হাট-বাজারের যে কোন তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

**শর্তাবলি :**

১। দরপত্রসমূহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও স্থানে রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং ঐদিন উল্লিখিত সময়ে দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

২। দরপত্রের সাথে দরদাতা উল্লিখিত ইজারা মূল্যের উপর ৩০% টাকা জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। উক্ত টাকার ২৫% ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে বা হাট-বাজার ইজারা ও বন্দোবস্ত নীতিমালা-২০১১ এর পরিপন্থি কোন কাজ করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। হাট-বাজার ইজারা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সর্বোচ্চ ডাককারী/ডাককারীগণের কোন ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার/সিডি অবমুক্ত করা হবে না। একজনের নামে উত্তোলিত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার / সিডি অন্যজনের দরপত্রের সঙ্গে প্রদান/সংযুক্ত করা যাবে না।

(চলমান পাতা-২ দ্রষ্টব্য)

CamScanner

৩। দরপত্র অনুমোদিত হবার ০৭ (সাত) দিনের মধ্যে দাখিলকৃত জামানত বাদে অবশিষ্ট ৭৫% টাকা এবং ইজারা মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট প্রদান করতে হবে। অন্যথায় জামানতসহ দরপত্র বাতিল করে হাটটি পুনঃ ইজারা দেয়া হবে।

৪। দরপত্রে উল্লিখিত দরদাতার নাম, পিতার নাম ও পূর্ণ ঠিকানাসহ স্বাক্ষর করতে হবে এবং দরপত্রে উল্লেখিত ইজারা মূল্য অংকে ও কথায় পরিস্কারভাবে লিখতে হবে। কাটাকাটি ও উপরি লিখন সম্পন্ন দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। অনুমোদিত দরপত্রের সম্পূর্ণ টাকা জমা দেয়ার পর ইজারাদার ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করবেন। চুক্তির শর্ত ভঙ্গ করলে অথবা ইজারা কার্যক্রমে কর্তৃপক্ষের সহিত প্রতারণা করলে ইজারা বাতিলসহ ইজারাদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না ।

৬। এই বিজ্ঞপ্তিতে সকল শর্ত এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র এবং ২০১১ সালের হাট-বাজার ইজারা পদ্ধতি ও ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা প্রযোজ্য হবে এবং সংশ্লিষ্ট সকলেই তা মানতে বাধ্য থাকবেন। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে । অতিরিক্ত টোল আদায় করা যাবে না ।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এই বিজ্ঞপ্তির কোন অংশ সংশোধন/পরিবর্তন/পরিবর্ধনের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ সোহরাব হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ
ফোন ঃ ০১৭৩৩-৩৩৫০২৮
unokazipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮৫০.০০২.০৬.০৩১.২৪. ৫৪(৩০০)

তারিখ : ০৭ মাঘ ১৪৩০ / ২১ জানুয়ারী ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
০৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
০৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ
০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/গণপূর্ত/বিদ্যুৎ (আবাসিক)/ জনস্বাস্থ্য, সিরাজগঞ্জ
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল)............................, সিরাজগঞ্জ
১১। সহকারী কমিশনার (ভূমি), কাজিপুর, সিরাজগঞ্জ
১২। মেয়র, কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ
১৩। উপজেলা ................................. অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ।
১৪। অফিসার ইনচার্জ, কাজিপুর থানা, সিরাজগঞ্জ
১৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর , কাজিপুর, সিরাজগঞ্জ। ( তাঁকে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬। চেয়ারম্যান ও সচিব, সোনামুখী/চালিতাডাঙ্গা/গান্ধাইল/মাইজবাড়ী/নাটুয়ারপাড়া/তেকানী/নিশ্চিন্তপুর/মনসুরনগর ইউ'পি, কাজিপুর, সিরাজগঞ্জ। তাঁকে তার ইউনিয়নের নিয়ন্ত্রনাধীন সকল হাট-বাজারে ঢোল শহরত দ্বারা প্রচার করার জন্য অনুরোধ করা হলো
১৭। পোষ্ট মাষ্টার, কাজিপুর, সিরাজগঞ্জ
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সোনামুখী/গান্ধাইল/ধুলাউড়ি/নাটুয়ারপাড়া/তেকানী/চরগিরিশ ইউনিয়ন ভূমি অফিস, কাজিপুর, সিরাজগঞ্জ। তাঁকে তার ইউনিয়নের নিয়ন্ত্রনাধীন সকল হাট-বাজারে ঢোল শহরত দ্বারা প্রচার করার জন্য অনুরোধ করা হলো। প্রচারান্তে দরপত্র দাখিলের দুই দিন পূর্বে প্রচারের কপিসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিলের জন্য বলা হলো।
১৯। জনাব ....................................................ইজারাদার, ................................হাট-বাজার ১৪২৮/১৪২৯/১৪৩০ বাংলা সন কাজিপুর, সিরাজগঞ্জ।
২০। নোটিশ বোর্ড (সকল দপ্তর), কাজিপুর, সিরাজগঞ্জ
২২। অফিস কপি

CamScanner